গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং : ৩৮.০১.০০০০.১৪৫.১৯.০০১.২৫-১৩৪

তারিখ: ০৯ মাঘ ১৪৩১
২৩ জানুয়ারি ২০২৫

**বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের অন্তঃ উপজেলা/থানা (একই উপজেলা/থানার ভিতর) অনলাইন বদলির সময়সূচি পুনঃ নির্ধারণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০ জানুয়ারি ২০২৫ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের অন্তঃ উপজেলা/থানা অনলাইন বদলি কার্যক্রম শুরু হয়েছে। অনিবার্য কারণবশত চলমান অনলাইন শিক্ষক বদলি কার্যক্রম নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী পুনঃনির্ধারণ করা হলে।

(ক) ২৬/০১/২০২৫ হতে ২৯/০১/২০২৫ তারিখ পর্যন্ত শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;
(খ) ৩০/০১/২০২৫ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই সম্পন্নকরণ;
(গ) ৩১/০১/২০২৫ হতে ০৩/০২/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক যাচাই সম্পন্নকরণ;
(ঘ) ০৪/০২/২০২৫ হতে ০৮/০২/২০২৫ তারিখ পর্যন্ত উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
(ঙ) ০৯/০২/২০২৫ হতে ১৫/০২/২০২৫ তারিখ পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অনুমোদন সম্পন্নকরণ।

০২। উল্লেখ্য যে, ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। শর্তসমূহ:

ক) শিক্ষকগণ সর্বোচ্চ ৩টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে পছন্দ করবেন। তবে কোন শিক্ষকের একাধিক পছন্দ না থাকলে শুধুমাত্র ০১ বা ০২টি বিদ্যালয় পছন্দ করতে পারবেন। আবেদনের প্রেক্ষিতে বদলির আদেশ জারি হলে তা বাতিল করার জন্য পরবর্তীতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
খ) যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১০ অক্টোবর ২০২৩ তারিখে জারিকৃত সর্বশেষ " সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা, ২০২৩" অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ণ করবেন।
গ) যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ পরবর্তী তা পুন:বিবেচনা করার আবেদন গ্রহণযোগ্য হবে না।
খ) যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১০ অক্টোবর ২০২৩ তারিখে জারিকৃত সর্বশেষ " সমন্বিত অনলাইন বদলি নির্দেশিকা, ২০২৩" অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ণ করবেন।
গ) যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ পরবর্তী তা পুন:বিবেচনা করার আবেদন গ্রহণযোগ্য হবে না।

২৬/০১/২০২৫
মোঃ রাইহুল করিম
সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [পার্বত্য তিন জেলা ব্যতীত]
৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

**অনুলিপি:**
১। উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। অফিস কপি।